বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
তত্ত্বাবধায়ক প্রকৌশলীর দপ্তর
প্রসেসিং এন্ড ফ্লাড ফোরকাস্টিং সার্কেল
৭২ গ্রীন রোড, ঢাকা-১২০৫

Bangladesh Water Development Board
Office of the Superintending Engineer
Processing & Flood Forecasting Circle
72 Green Road, Dhaka-1205, Bangladesh
Phone: +02-58151530, se.pffc@bwdb.gov.bd

# বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের পানি বিজ্ঞান সম্পর্কিত তথ্য-উপাত্ত সমূহের মূল্য পুনঃনির্ধারণসহ সংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদি সম্পর্কে সুপারিশমালা প্রণয়নের জন্য গঠিত কমিটি কর্তৃক প্রনীত প্রতিবেদন চূড়ান্ত অনুমোদনের জন্য পানি সম্পদ মন্ত্রনালয় বরাবর প্রেরণ করা হয়। পানি সম্পদ মন্ত্রনালয় এর স্বারক নং ৪২.০০.০০০০.০৩৮.৯৯.০২৯.২১-১৮২ তারিখঃ ১১ জানুয়ারি ২০২১ খ্রিঃ মোতাবেক প্রতিবেদনটি চূড়ান্তভাবে অনুমোদন দেওয়া হয়। তৎপ্রেক্ষিতে, বিগত ১১ জানুয়ারি, ২০২১ খ্রিঃ তারিখ থেকে পানি বিজ্ঞান সম্পর্কিত তথ্য-উপাত্ত সমূহের অনুমোদিত সংশোধিত মূল্য কার্যকর করা হয়েছে।

স্বাক্ষরিত/-
(বিদ্যুৎ কুমার সাহা)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পরিচিতি নম্বর-৬৬০৫১৪০০১

স্মারক নং ঃ ১২৪৪/১(১০)/ডি-৩২ তারিখ ঃ ০৮/০২/২০২১ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ

১। অতিরিক্ত মহাপরিচালক, (পরিকল্পনা/ পূর্ব রিজিয়ন/ পশ্চিম রিজিয়ন/ প্রশাসন/ অর্থ), বাপাউবো, পানি ভবন, ঢাকা।
২। প্রধান প্রকৌশলী (পুর) ------(সকল)----- বাপাউবো।
৩। প্রকল্প পরিচালক, BWCSRP Component B: SHEWS প্রকল্প, বাপাউবো, ঢাকা।
৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), -----(সকল)----- বাপাউবো।
৫। পরিচালক, ভূ-গর্ভস্থ পানি বিজ্ঞান পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৬। সি এস ও টু মহাপরিচালক, বাপাউবো, পানি ভবন, ঢাকা।
৭। সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৮। নির্বাহী প্রকৌশলী, -----(সকল)----- বাপাউবো।
৯। উপ-পরিচালক, গ্রাউন্ড ওয়াটার প্রসেসিং ব্রাঞ্চ/ভূ-গর্ভস্থ পানি বিজ্ঞান বিভাগ-১/ ভূ-গর্ভস্থ পানি বিজ্ঞান বিভাগ-২, বাপাউবো, ঢাকা।
১০। দপ্তর কপি।

(বিদ্যুৎ কুমার সাহা)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
08/02/2021

/মপ তারিখঃ
১। অমপ (পূর্ব/পশ্চি/পরি/প্রশাসন/অর্থ)/ প্রঃ প্রকৌঃ (পরি/মনি)
২।
★ অনুলিপি অবগতির জন্য প্রেরণ করা হলো।
★ বিধি মোতাবেক ব্যবস্থা নিন।
★ পত্রের মর্মানুসারে প্রতিবেদন পেশ করুন।
★ পরীক্ষা করে পেশ করুন।
★ তদন্ত করে মতামত সহ প্রতিবেদন দিন।
★ সভায় যোগদান করুন এবং কার্যবিবরণী অবহিত করুন
★ আলাপ করুন
মহাপরিচালক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
উন্নয়ন-০৫ শাখা
www.mowr.gov.bd

২৭ পৌষ ১৪২৭
স্মারক নং-৪২.০০.০০০০.০৩৮.৯৯.০২৯.২১-১৮২ তারিখঃ ----------
১১ জানুয়ারি ২০২১

বিষয়ঃ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের পানি বিজ্ঞান সম্পর্কিত তথ্য-উপাত্তসমূহের মূল্য পুনঃনির্ধারণসহ সংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদি সম্পর্কে সুপারিশমালা বিষয়ক প্রতিবেদন চূড়ান্ত অনুমোদন।

সূত্রঃ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের স্মারক নং-১২৬-অমপ(পরি)-বাপাউবো; তারিখঃ ০৯ডিসেম্বর ২০২০।

উপর্যুক্ত বিষয়ের প্রতি তাঁর দৃষ্টি আকর্ষণপূর্বক বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কর্তৃক পানি বিজ্ঞান সম্পর্কিত তথ্য-উপাত্তসমূহের মূল্য নির্ধারণসহ সংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদি সম্পর্কে সুপারিশমালা প্রণয়ন বিষয়ক প্রস্তুতকৃত সূত্রোক্ত প্রতিবেদনটি নির্দেশক্রমে অনুমোদন করা হলো।

ডায়েরী নং- ৭৬৬/SE, PFFC তারিখঃ ১৮-০১-২১খ্রি:
☐ XEN/ডঃ, FFWC, SWRB, RMPB
☐ উপ পরিচালক, প্রাঃ ওঃ প্রঃ ব্রাঞ্চ
☐ সিস্টেম এনালিষ্ট, অত্র দপ্তর
☐ সহঃ প্রঃ/.....অত্র দপ্তর
☐ প্রাক্কলনিক, অত্র দপ্তর
☐ উচ্চমান সহঃ, অত্র দপ্তর
☐ উর্ধ্বতন হিঃ সহঃ, অত্র দপ্তর
চিঠি গ্রহণকারী
* অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা নিন।
* জরুরী/অতি জরুরী
* মতামত দিন
* তদন্ত/যাচাইপূর্বক প্রতিবেদন দিন
* আলোচনা করুন
* পূর্ব সূত্রসহ/পরীক্ষান্তে নথীতে পেশ করুন
* নথীভুক্ত করুন
তত্ত্বাবধায়ক প্রকৌশলী/ পিএফসিসি

১১/০১/২০২১
(আফছানা বিলকিস)
উপসচিব
☎: ৯৫৪০৯৩১
E-mail: Dev5@mowr.gov.bd

মহাপরিচালক
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ, ঢাকা।
[(দৃ:আ:অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা)]।

অনুলিপিঃ

সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

প্রাপ্ত ডায়েরী নং- ২৫৪৩ তাং- ১৩.০১.২০২১
* প্রধান পরিকল্পনা
* প্রধান প্রকৌশলী (নগরী)
* প্রধান প্রকৌশলী (পানি সম্পদ)
* পরিচালক, পরিকল্পনা-১/২/৩
* পরিচালক, কার্যক্রম, প্রসেসিং/পওর
* যুগ্ম প্রধান (পরিকল্পনা)
* তত্ত্বা ঃ প্রকৌঃ F F W C
* সচিব, বাপাউবো
* উপ সচিব (পরিকল্পনা/প্রশাসন)
* ব্যক্তিগত সহকারী
* অতি জরুরী
* জরুরী
* আলাপ করুন
* মন্তব্য দিন
* প্রয়োজনীয় ব্যবস্থা নিন
* নথিতে রাখুন
* তাগাদা পত্র দিন
অতিঃ মহাপরিচালক (পরিকল্পনা)

ডায়েরী নং- ১১/সিইএইচ তারিখ- ১৭/১/২১
☐ তত্ত্বাবধায়ক প্রকৌশলী, স্থানীয় পানি বিজ্ঞান সার্কেল
☐ নির্বাহী প্রকৌশলী, হাইড্রোলজি বিভাগ
☐ পরিচালক, প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা সার্কেল
☐ তত্ত্বাবধায়ক প্রকৌশলী, অত্র দপ্তর
☐ উপ-পরিচালক (প্রঃ), অত্র দপ্তর
☐ নির্বাহী প্রকৌশলী (পুঃ), অত্র দপ্তর
☐ নির্বাহী প্রকৌশলী, বন্যা পূর্বাভাস
☐ প্রাক্কলনিক।
☐ ব্যক্তিগত সহকারী।
চিঠি গ্রহণকারী
☐ তাৎক্ষণিক/অতি জরুরী
☐ প্রয়োজনীয় ব্যবস্থা নিন।
☐ মন্তব্য/মতামত দিন।
☐ তদন্ত/যাচাই পূর্বক প্রতিবেদন দিন
☐ আলোচনা করুন।
☐ পূর্ব সূত্রসহ/পরীক্ষান্তে নথীতে পেশ করুন
☐ নথীভুক্ত করুন।
প্রধান প্রকৌশলী

# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

পানি বিজ্ঞান সম্পর্কিত তথ্য-উপাত্তসমূহের মূল্য পুনঃনির্ধারণসহ সংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদি সম্পর্কে সুপারিশমালা প্রণয়নের নিমিত্তে গঠিত কমিটির প্রতিবেদন।

৩ নভেম্বর, ২০২০ খ্রিঃ

সূচীপত্র


| ক্রমিকঃ নং | বিষয় | পৃষ্ঠা নং |
|---|---|---|
| ০১ | ভূমিকা | ১ |
| ০২ | কমিটির কার্যপরিধি | ২ |
| ০৩ | কারিগরি প্রতিবেদন প্রণয়নের উদ্দেশ্য | ২ |
| ০৪ | কমিটির কার্যক্রম | ২ |
| ০৫ | কাজের যৌক্তিকতা ও প্রস্তাবনা | ৩ |
| ০৬ | প্রস্তাবিত কাজ বাস্তবায়নের প্রাতিষ্ঠানিক কাঠামো | ৩ |
| ০৭ | প্রত্যাশিত সুফল | ৩ |
| ০৮ | পানি বিজ্ঞান, বাপাউবো কর্তৃক সংগ্রহকৃত তথ্য-উপাত্ত সমূহ | ৩-৪ |
| ০৯ | পানি বিজ্ঞান, বাপাউবো কর্তৃক নাগরিক সেবা সমূহ | ৪-৫ |
| ১০ | ডাটা আদান প্রদান পদ্ধতি এবং ডাটার মূল্য পুনঃনির্ধারণ | ৫-৬ |
| ১১ | প্রতিবেদনের আলোচ্য বিষয়সমূহ সম্পর্কে মতামত | ৬-৭ |
| ১২ | ডাটা প্রদান পদ্ধতি এবং মূল্য পুনঃনির্ধারণসহ সংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদি সম্পর্কে বিস্তারিত আলোকপাত | ৭-১০ |
| ১৩ | কমিটির সুপারিশসমূহ | ১০ |
| ১৪ | সংযুক্তি-১ (কমিটি গঠন) | ১১-১২ |
| ১৫ | সংযুক্তি-২ (ডাটার রেট সম্পর্কিত) | ১৩-১৮ |

## ১। ভূমিকাঃ

নদী-মাতৃক দেশ বাংলাদেশ। উত্তরে বিস্তীর্ণ হিমালয় পর্বতমালা এবং দক্ষিণে বঙ্গোপসাগরের মধ্যবর্তী পদ্মা-মেঘনা-যমুনা প্রবাহিত পলল ভূমিতে গড়া আমাদের বাংলাদেশ। এখানে ৪০৫টি ছোট, মাঝারী ও বড় নদ-নদী সমগ্র দেশটিকে অক্টোপাসের মত জড়িয়ে রেখেছে। নদ-নদীসমূহের মধ্যে পদ্মা, মেঘনা ও যমুনা এই ৩ (তিন) টি বড় নদী, ৫৭ (সাতান্ন) টি সীমান্ত নদী এবং বাকী গুলো দেশের অভ্যন্তরীণ অববাহিকা ভিত্তিক অথবা প্রধান নদীর শাখা বা উপশাখা হিসেবে প্রবাহমান। ৫৭টি সীমান্ত নদীর মধ্যে ৫৪টি বাংলাদেশ-ভারত এবং ৩টি (নাফ, সাঙ্গু ও মাতামহুরী) বাংলাদেশ-মিয়ানমার এর আন্তঃদেশীয় নদী হিসেবে সুপরিচিত।

১৯৫৪ এবং ১৯৫৫ সালের উপর্যপুরি বন্যার ফলে জীবিকা, সম্পত্তি এবং অবকাঠামোতে ব্যাপক ক্ষয়ক্ষতি সাধিত হয়েছিল। এই দেশে বন্যা এবং বন্যার ক্ষয়ক্ষতি অজানা ছিল না, তবে এ সময়ের বন্যার কারনে ক্ষয়ক্ষতি এতটা উদ্বেগজনক ছিল যে সরকার এর পক্ষ থেকে "বন্যা নিয়ন্ত্রণ সংস্থা" নামে একটি নতুন সংস্থা প্রতিষ্ঠা করা হয় এবং একই সাথে সংস্থাটির প্রাতিষ্ঠানিক উন্নয়ন ও সক্ষমতা বৃদ্ধির জন্য আন্তর্জাতিক সহায়তাও চাওয়া হয়। এর ফলশ্রুতিতে ১৯৫৭ সালে জাতিসংঘের অধীনে গঠিত ক্রুগ মিশন এর রিপোর্টের সুপারিশ অনুসারে এবং ১৯৫৯ সালের তৎকালীন মহামান্য রাষ্ট্রপতির ১ নং অধ্যাদেশের মাধ্যমে দেশের পানিসম্পদের উন্নয়ন, আহরণ, ব্যবহার এবং বিদ্যুতের উন্নয়ন ও ব্যবস্থাপনার লক্ষ্যে পূর্ব পাকিস্তান পানি ও বিদ্যুৎ উন্নয়ন কর্তৃপক্ষ (EPWAPDA) নামে অন্য একটি প্রতিষ্ঠান গঠন করা হয়। ১৯৬০ এর মাঝামাঝি সময়ে হাইড্রোলজি উইং এর পরিচালনা ও ব্যবস্থাপনা প্রধান প্রকৌশলী, হাইড্রোলজি এর অধীনে ন্যস্ত করা হয় এবং জলবিদ্যুৎ, হাইড্রোলজিক্যাল ও মরফোলজিক্যাল ডাটা সংগ্রহ এবং প্রক্রিয়াকরণের লক্ষ্যে মনিটরিং নেটওয়ার্ক স্থাপনের জন্য প্রকল্প গ্রহন করা হয়। বর্তমানে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (বাপাউবো) ইপিওয়াপদা এর পানি উইং হিসেবে দেশের বন্যা নিয়ন্ত্রণ, নিষ্কাশন ও সেচ প্রকল্প বাস্তবায়ন করে কৃষি ও মৎস্য সম্পদের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে দেশের পানি সম্পদ ব্যবস্থাপনায় প্রধান সংস্থা হিসেবে কার্যক্রম শুরু করে। মহান স্বাধীনতার এক বছর পর ১৯৭২ সালে মহামান্য রাষ্ট্রপতির আদেশ নং ৫৯ মোতাবেক ইপিওয়াপদা এর পানি অংশ একই ম্যান্ডেন্ট নিয়ে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (বাপাউবো) নামে সম্পূর্ণ স্বায়ত্তশাসিত সংস্থা হিসেবে আত্মপ্রকাশ করে। অতঃপর সংস্কার ও পুনর্গঠনের ধারাবাহিকতায় জাতীয় পানি নীতি-১৯৯৯ এর সাথে সামঞ্জস্য রেখে বাপাউবো আইন, ২০০০ প্রণয়ন করা হয়। এ আইনের আওতায় বিগত দীর্ঘ ২০ (বিশ) বছর যাবৎ মাননীয় মন্ত্রী, পানি সম্পদ মন্ত্রণালয় এর নেতৃত্বে ১৩ সদস্য বিশিষ্ট পানি পরিষদের মাধ্যমে বোর্ডের শীর্ষ নীতি নির্ধারণ ও ব্যবস্থাপনা পরিচালিত হয়ে আসছে।

মাঠ পর্যায় থেকে সংগৃহীত বিভিন্ন প্রকার পানিতত্ত্ব বিষয়ক তথ্য উপাত্ত প্রসেসিং এন্ড ফ্লাড ফোরকাস্টিং সার্কেল, বাপাউবো, ঢাকা কর্তৃক সংরক্ষণ, প্রক্রিয়াকরণ, সঠিকতা যাচাই করা হয়। বিভিন্ন সংস্থা (সরকারি সংস্থা/প্রকল্প, বেসরকারি সংস্থা, দেশী/বিদেশী প্রকল্প, বিশ্ববিদ্যালয়, উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান, উপদেষ্টা প্রতিষ্ঠান, এনজিও (NGO) সহ অন্যান্য প্রতিষ্ঠান) কে চাহিদার প্রেক্ষিতে সরকার কর্তৃক নির্ধারিত ফি প্রদান সাপেক্ষে উপাত্ত সমূহ সরবরাহ করা হয়। ফলে বাপাউবো তথা সরকারের রাজস্ব আয় হয়। উল্লেখ্য, ১৯৯৩ সালে উক্ত তথ্য-উপাত্তগুলির মূল্য নির্ধারণ করা হয়েছিল যা বর্তমান সময়ের প্রেক্ষিতে সামঞ্জস্যপূর্ণ নয়। এমতাবস্থায় যুগের চাহিদানুযায়ী পানিতত্ত্ব ও উপাত্ত বিষয়ক ডাটার মূল্য পুনঃনির্ধারণ করা একান্ত জরুরী।

তৎপ্রেক্ষিতে মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের অনুমোদনক্রমে প্রধান পরিকল্পনার দপ্তর, বাপাউবো, ঢাকা এর স্মারক নং- চীফ প্লানিং/৩৮৬ তারিখঃ ০৩-০৩-২০২০ খ্রিঃ মোতাবেক পানি বিজ্ঞান সম্পর্কিত তথ্য-উপাত্তসমূহের মূল্য পুনঃনির্ধারণসহ সংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদি সম্পর্কে সুপারিশমালা প্রণয়নের নিমিত্তে একটি কমিটি গঠন করা হয় (সংযুক্তি-১)। উক্ত কার্যক্রম সঠিকভাবে সম্পাদন ও সমন্বয়ের লক্ষ্যে কমিটির প্রয়োজনে প্রসেসিং এন্ড ফ্লাড ফোরকাস্টিং সার্কেল, বাপাউবো, ঢাকা এর তত্ত্বাবধায়ক প্রকৌশলী কে কমিটির সদস্য হিসেবে কো-অপ্ট করা হয়েছে।

কমিটির সদস্যগণ নিম্নরুপঃ

| ক্রমিক নং | কর্মকর্তার নাম ও পদবী | কমিটি'তে অবস্থান |
|---|---|---|
| ১ | মোঃ নুরুল আমিন, অতিঃ প্রধান প্রকৌশলী, পানি বিজ্ঞান, বাপাউবো, ঢাকা। | আহবায়ক |
| ২ | মোঃ আমিনুল ইসলাম, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নক্সা সার্কেল-২, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৩ | ডঃ আনোয়ার জাহিদ, পরিচালক, গ্রাউন্ড ওয়াটার হাইড্রোলজি সার্কেল, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৪ | মোঃ দেলয়ার হুসেন আখন্দ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, রিভার মরফোলজি রিসার্চ সার্কেল, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৫ | ডঃ মোঃ আব্দুল মান্নান, আবহাওয়াবিদ, পূর্বাভাস শাখা, ঝড় সতর্কীকরণ কেন্দ্র, BMD, ঢাকা। | সদস্য |
| ৬ | ফাহমিদা আক্তার, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (কম্পিউটার ও তথ্য), WARPO, ঢাকা। | সদস্য |
| ৭ | বেগম আফছানা বিলকিস, উপসচিব, উন্নয়ন-৫ অধিশাখা, MoWR, ঢাকা। | সদস্য |
| ৮ | মোঃ মুশফিকুর রহমান, সিস্টেম এনালিস্ট, ম্যানেজমেন্ট এন্ড সার্ভিসেস ব্রাঞ্চ, প্রসেসিং এন্ড ফ্লাড ফোরকাস্টিং সার্কেল, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৯ | মোঃ নুরুল ইসলাম সরকার, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সারফেস ওয়াটার হাইড্রোলজি সার্কেল, বাপাউবো, ঢাকা। | সদস্য-সচিব |

## ২। কমিটির কার্য পরিধি নিম্নরূপঃ

ক) Data Exchange পদ্ধতি এবং Data এর মূল্য পুনঃনির্ধারণ।

খ) BWDB এর User দের জন্য Data প্রাপ্তির পদ্ধতি এবং মূল্য/বিনামূল্য/ডিসকাউন্ট নির্ধারণ।

গ) Government Agency user দের জন্য Data প্রাপ্তির পদ্ধতি এবং মূল্য/বিনামূল্য/ডিসকাউন্ট নির্ধারণ।

ঘ) Government Project এর জন্য Data প্রাপ্তির পদ্ধতি এবং মূল্য/বিনামূল্য/ডিসকাউন্ট নির্ধারণ।

ঙ) Non-government user দের জন্য Data প্রাপ্তির পদ্ধতি এবং মূল্য/বিনামূল্য/ডিসকাউন্ট নির্ধারণ।

চ) Study/Research (অভ্যন্তরীন বাংলাদেশ) User দের জন্য Data প্রাপ্তির পদ্ধতি এবং মূল্য/বিনামূল্য/ডিসকাউন্ট নির্ধারণ।

ছ) Study/Research (বহিঃ বাংলাদেশ) User দের জন্য Data প্রাপ্তির পদ্ধতি এবং মূল্য/বিনামূল্য/ডিসকাউন্ট নির্ধারণ।

জ) দেশী প্রকল্পে বিদেশী ব্যবহারকারীদের জন্য Data প্রাপ্তির পদ্ধতি এবং মূল্য/বিনামূল্য/ডিসকাউন্ট নির্ধারণ।

ঝ) বিদেশী প্রকল্পে বিদেশী ব্যবহারকারীদের জন্য Data প্রাপ্তির পদ্ধতি এবং মূল্য/বিনামূল্য/ডিসকাউন্ট নির্ধারণ।

## ৩। প্রতিবেদন প্রণয়নের উদ্দেশ্য ঃ

BMD, WARPO সহ পানি বিজ্ঞান সম্পর্কিত তথ্য-উপাত্ত সংরক্ষণ এবং সরবরাহকারী প্রতিষ্ঠান সমূহের ডাটার মূল্য পর্যালোচনা পূর্বক বাস্তবতার প্রেক্ষিতে প্রস্তাবিত ডাটার মূল্য পুনঃনির্ধারণ করা এবং ডাটার মূল্য সংক্রান্ত মতামত ও সুপারিশ প্রদান করা।

## ৪। কমিটির কার্যক্রমঃ

ক) পানি বিজ্ঞান, বাপাউবো কর্তৃক সংগৃহীত তথ্য-উপাত্ত সমূহ পর্যালোচনা করা।

খ) বিভিন্ন হাইড্রোলজিক্যাল প্যারামিটার সম্বন্ধে সকল দপ্তরের কর্মকর্তাদের সঙ্গে আলোচনা করা।

গ) ডাটা আদান প্রদান পদ্ধতি এবং ডাটার মূল্য নির্ধারণ বিষয়ে আলোচনা করা ও কার্যকর সিদ্ধান্ত নেওয়া।

ঘ) সরকারী/বেসরকারী/ব্যক্তি পর্যায়ে ডাটা ব্যবহারের জন্য ডাটা প্রাপ্তির পদ্ধতি ও মূল্য/বিনামূল্য/ডিসকাউন্ট নির্ধারণ করা।

ঙ) বিভিন্ন হাইড্রোলজিক্যাল প্যারামিটার, সময়, স্টেশন ইত্যাদির উপর ভিত্তি করে ডাটার মূল্য পুনঃনির্ধারণ এর বিষয়ে যথাযথ বিশ্লেষণ করা।

ঙ) ডাটা প্রদানের পদ্ধতি (ম্যানুয়াল ও অটোমেশন) নিয়ে সুপারিশ প্রদান করা।

চ) সংশ্লিষ্ট বিষয়ে কমিটির সদস্যবৃন্দের সাথে ডাটার মূল্য পুনঃনির্ধারণ এর বিষয়ে আলোচনা পূর্বক সুপারিশ প্রণয়ন করা।

## ৫। কাজের যৌক্তিকতা ও প্রস্তাবনাঃ

১৯৯৩ সালের পর থেকে পানি সংক্রান্ত ডাটার রেট হালনাগাদ করা হয় নি। ফলে ২৭ (সাতাশ) বছর আগে ডাটার যে মূল্য নির্ধারিত হয়েছিল সেই মূল্যে বর্তমান সময় পর্যন্ত ডাটা সরবরাহ করা হচ্ছে। এই সময়ের মধ্যে সব কিছুর মূল্য পরিবর্তিত হয়েছে বিধায় সংগত কারণে ডাটা সংগ্রহ ও প্রক্রিয়াকরণ কাজও আগের চেয়ে বহুগুনে ব্যয়বহুল হয়েছে। ফলে বর্তমান সময়ের প্রেক্ষিতে ডাটার রেট হালনাগাদ করার প্রয়োজনীয়তা তীব্রভাবে অনুভূত হচ্ছে। এছাড়াও বর্তমানে পানি উন্নয়ন বোর্ডসহ বিভিন্ন সরকারী সংস্থা, জাতীয় প্রকল্প, ছাত্র-ছাত্রী কিংবা গবেষকগণ উপাত্ত সংগ্রহের ক্ষেত্রে কোন সুবিধা পাবেন কিনা এবং পেলে তার মূল্য কি হবে এ সকল বিষয়সমূহও সুনির্দিষ্টভাবে নির্ধারিত নেই। সে মোতাবেক উল্লিখিত কমিটি গঠিত হয়েছে এবং কমিটি ডাটার রেট হালনাগাদ করার জন্য যথাযথ পদক্ষেপ গ্রহন করেছে।

## ৬। প্রস্তাবিত কাজ বাস্তবায়নের প্রাতিষ্ঠানিক কাঠামো ঃ

পানি সম্পদ সেক্টরের সমন্বিত উন্নয়ন ও ব্যবস্থাপনার জন্য নির্ভরযোগ্য পানি বিজ্ঞান সংক্রান্ত উপাত্তের প্রাপ্যতা অপরিহার্য। বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের প্রধান প্রকৌশলী, পানি বিজ্ঞান, ঢাকা এর আওতায় ৪ টি সার্কেল/পরিদপ্তর তথা ভূ-পরিস্থ পানি বিজ্ঞান সার্কেল, ভূগর্ভস্থ পানি বিজ্ঞান পরিদপ্তর, রিভার মরফোলজি ও গবেষণা সার্কেল এবং প্রসেসিং এণ্ড ফ্লাড ফোরকাস্টিং সার্কেল এর মাধ্যমে সমগ্র দেশব্যাপী পানি বিজ্ঞান নেটওয়ার্কের সাহায্যে সুদীর্ঘ পাঁচ দশকের অধিককাল পানি বিজ্ঞান সংক্রান্ত উপাত্ত সংগ্রহের গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করে আসছে।

সর্ম্পূণ manual পদ্ধতিতে ৯টি বিভাগ ও ২৬টি উপ-বিভাগের মাধ্যমে মাঠ পর্যায় হতে সংগৃহীত বিভিন্ন প্রকারের হাইড্রোলজিক্যাল ডাটা (যেমন:- পানি সমতল, বারিপাত, নদীতে পানি প্রবাহ, পলি প্রবাহ, পানির গুনগত মান, বাষ্পায়ন, রোদ ঘন্টা/sunshine hours, পানির লবণাক্ততা, মরফোলজিক্যাল ক্রস সেকশন, ভূ-গর্ভস্থ পানি সমতল, ভূ-গর্ভস্থ পানির গুনাগুন বিশ্লেষণ ইত্যাদি) সংক্রান্ত তথ্য-উপাত্তসমূহ প্রসেসিং এন্ড ফ্লাড ফোরকাস্টিং সার্কেল, বাপাউবো, ৭২ গ্রীন রোড, ঢাকার আওতাধীন তিনটি ব্রাঞ্চ (সারফেস ওয়াটার প্রসেসিং ব্রাঞ্চ, গ্রাউন্ড ওয়াটার প্রসেসিং ব্রাঞ্চ এবং রিভার মরফোলজি প্রসেসিং ব্রাঞ্চ) এর মাধ্যমে manually entry দেওয়া হয়ে থাকে। উক্ত পানি বিজ্ঞান সংশ্লিষ্ট তথ্য উপাত্তসমূহ সংরক্ষণ, প্রক্রিয়াকরণ, সঠিকতা যাচাইকরণসহ আধুনিক পদ্ধতিতে বিভিন্ন Software এর মাধ্যমে স্বয়ংক্রিয়ভাবে অন্যান্য কার্যাবলী সম্পন্ন করার জন্য প্রসেসিং এন্ড ফ্লাড ফোরকাস্টিং সার্কেল, বাপাউবো, ৭২ গ্রীন রোড, ঢাকা দপ্তরে একটি অত্যাধুনিক Data Center স্থাপন করা হয়েছে। উক্ত Data Center-এ অতি উচ্চ ক্ষমতার সার্ভারের মাধ্যমে তথ্য-উপাত্ত সংগ্রহ, প্রক্রিয়াকরণ ও সংরক্ষণ করা হয়।

## ৭। প্রত্যাশিত সুফল ঃ

ক) সরকারী-বেসরকারী বিভিন্ন সংস্থা, গবেষক ও অন্যান্য ব্যবহারকারীগণ কর্তৃক উপাত্তের অধিকতর ব্যবহার ও বিশ্লেষণ করতঃ জাতীয় ও অন্যান্য বিভিন্ন প্রকল্পের সুষ্ঠু পরিকল্পনা প্রণয়ন ও টেকসই বাস্তবায়নের মাধ্যমে কাংখিত সাফল্য অর্জন করা।

খ) বাপাউবো তথা সরকারের রাজস্ব আয় বৃদ্ধি করা।

গ) ডাটার মূল্য সংক্রান্ত আর্থিক স্বচ্ছতা নিশ্চিত করা।

## ৮। পানি বিজ্ঞান, বাপাউবো, ঢাকা কর্তৃক সংগ্রহকৃত তথ্য-উপাত্ত সমূহঃ

বর্তমানে প্রধান প্রকৌশলী, পানি বিজ্ঞান, বাপাউবো, ঢাকা এর আওতাধীন বিভিন্ন দপ্তরসমূহ সারাদেশব্যাপী বিস্তৃত নিম্নবর্ণিত নেটওয়ার্কের মাধ্যমে পানি বিজ্ঞান সংক্রান্ত উপাত্তসমূহ সংগ্রহ করছে ঃ

| ক্রমিক নং | উপাত্তের নাম | ষ্টেশন সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|
| (১) | টাইডাল/ননটাইডাল পানি সমতল (Water Level) | ৩৫৬ | দিনে ৭ বার-টাইডাল/দিনে ৫ বার-ননটাইডাল |
| (২) | টাইডাল/ননটাইডাল প্রবাহ (Discharge) | ১২৪ | দৈনিক/সাপ্তাহিক/পাক্ষিক |
| (৩) | ভূ-পরিস্থ পানির গুণাগুণ (Surface Water Quality) | ১৮ | মাসিক |
| (৪) | লবণাক্ততা (Salinity) | ১০০ টি (স্থির), ৬৬ টি (গতিশীল) | দৈনিক/সাপ্তাহিক/পাক্ষিক |

| | | | |
|---|---|---|---|
| (৫) | পলি প্রবাহ (Sediment) | ২০ | সাপ্তাহিক/পাক্ষিক |
| (৬) | বারিপাত (Rainfall) | ২৭৪ | দৈনিক |
| (৭) | আবহাওয়া (Weather Station) | ৩ টি | দৈনিক |
| (৮) | বাষ্পায়ন (Evaporation) | ৩৯ | দৈনিক |
| (৯) | মরফোলজিক্যাল ক্রস সেকশন (Morphological Cross-Section) | ১৯২৮ | বাৎসরিক/দ্বি-বাৎসরিক/ত্রি-বাৎসরিক/চতুর্থ-বাৎসরিক/পঞ্চম-বাৎসরিক |
| (১০) | ভূ-গর্ভস্থ পানি সমতল (সাপ্তাহিক) (Ground Water Level) | ১২৭২ | সাপ্তাহিক |
| (১১) | ভূ-গর্ভস্থ পানি সমতল (দৈনিক) (Ground Water Level) | ২০ | দৈনিক |
| (১২) | ভূ-গর্ভস্থ পানির গুণাগুণ বিশ্লেষণ (Ground Water Quality) | ১১৭ | বাৎসরিক |
| (১৩) | একুইফার পাম্প টেস্ট | ২ | |
| (১৪) | বোরহোল লিথলজি (খননকৃত পরীক্ষণীয় কূপ হতে) | ৬ | |
| (১৫) | একুইফার অনুসন্ধান | ৪ | |
| (১৬) | পর্যবেক্ষণ কূপ পুনঃখনন ও উন্নয়ন | ২০০ | |

## ৯। পানি বিজ্ঞান, বাপাউবো কর্তৃক নাগরিক সেবা সমূহঃ

বাংলাদেশের নদ-নদীসমূহের পানি সমতল সংশ্লিষ্ট তথ্য উপাত্তসহ পানি বিজ্ঞান সম্পর্কিত তথ্য উপাত্তসমূহ (Water level, Rainfall, Evaporation, Discharge, Water quality, Sediment, Salinity, Ground Water Level, Ground Water Quality) সংগ্রহ, প্রক্রিয়াকরণ এবং পর্যাপ্ততা নিশ্চিত করে Historical তথ্য উপাত্তের মাধ্যমে নিম্নোক্ত সেবাসমূহ প্রদান করা হয় ঃ-

| প্রদেয় সেবাসমূহ | সেবাদানের মানদন্ড (সময়) ও প্রয়োজনীয় অর্থ ও ফরম (যদি থাকে) | যোগাযোগের ঠিকানা |
|---|---|---|
| (১) প্রকৌশল বিশ্ববিদ্যালয়, কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা বিশ্ববিদ্যালয়সহ অন্যান্য কারিগরী শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত ছাত্র/ছাত্রীগণের গবেষনার কাজে পানি বিজ্ঞান সংশ্লিষ্ট Historical তথ্য উপাত্ত সরবরাহ। | **সেবাদানের মানদন্ড (সময়)ঃ** www.hydrology.bwdb.gov.bd ওয়েব সাইটের মাধ্যমে সেবাগ্রহনকারী তথ্য উপাত্তের জন্য অনলাইনে আবেদন করতে পারবে। সংযুক্তি হিসেবে আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো,৭২ গ্রীন রোড, ঢাকা বরাবর পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট করে উহার মূল কপি সংযুক্ত করতে হবে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলীর দপ্তর<br>প্রসেসিং এন্ড ফ্লাড ফোরকাস্টিং সার্কেল<br>বাপাউবো, ৭২ গ্রীন রোড, ঢাকা।<br>ফোনঃ +৮৮-০২-৫৮১৫১৫৩০<br>মোবাইলঃ +৮৮-০১৩১৮-২৩৪৯৩৯<br>ই-মেইলঃ se.pffc@bwdb.gov.bd<br>ওয়েবসাইটঃ<br>www.hydrology.bwdb.gov.bd |
| (২) পানি নিয়ন্ত্রণ কাঠামো, ড্যাম, ব্যারেজ, বন্যা বাঁধ, নদী তীর সংরক্ষণ কাজ, রাস্তা, বিল্ডিং ইত্যাদি ডিজাইন এবং প্লানিংসহ বিভিন্ন প্রজেক্ট বাস্তবায়নে সংশ্লিষ্ট এলাকার সর্বোচ্চ/সর্বনিম্ন পানির সমতল ও বৃষ্টিপাত এর Historical তথ্য উপাত্ত সরবরাহ। | **প্রয়োজনীয় অর্থঃ** তথ্য উপাত্তের ধরণ ও Time duration এর উপর ভিত্তি করে বোর্ড কর্তৃক অনুমোদিত চার্জ নির্ধারণ করা হয়। অন লাইনে আবেদনকারী নিজেই তাঁর চাহিদাকৃত তথ্য উপাত্তের জন্য প্রদেয় অর্থের হিসাব করতে পারবে যা আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, ৭২ গ্রীন রোড, ঢাকা বরাবর পে-অর্ডার/ | অনলাইনের মাধ্যমে আবেদনকারীকে তথ্য উপাত্ত সরবরাহ করা হবে ফলে কোন আবেদনকারীকে স্ব-শরীরে দপ্তরে আসার প্রয়োজন হবে না। |
| (৩) বিভিন্ন নদ-নদীর ৩৭টি স্টেশনের পানি বিজ্ঞান সংশ্লিষ্ট Automatic Real Time Water Level & Rainfall এর তথ্য উপাত্ত সরবরাহকরণ এবং ১ টি Automatic Weather Station এর মাধ্যমে Real Time | | |

| | | |
|---|---|---|
| Temperature/Wind Speed /Wind Direction etc. এর তথ্য উপাত্ত সরবরাহ। | ব্যাংক ড্রাফট করে উহার মূল কপি প্রসেসিং এন্ড ফ্লাড ফোরকাস্টিং সার্কেল, বাপাউবো, ঢাকা দপ্তরে জমা নেয়া হয়।<br>উল্লেখ্য, শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত ছাত্র/ছাত্রীগণের গবেষনা কাজে উপাত্ত ব্যবহারের জন্য বিশেষ বিবেচনায় ক্ষেত্র বিশেষে চার্জ হ্রাস করা হয়ে থাকে। | |
| (১) ২৯টি নদ-নদীর ৫৪টি স্থানে সুনির্দিষ্ট তথ্য ভিত্তিক বন্যা পরিস্থিতি বিষয়ক সর্বোচ্চ ৫(পাঁচ) দিন পর্যন্ত আগাম পূর্বাভাস ও সর্তকবার্তা। আরো কয়েকটি স্থানের নদ-নদীর দৈনিক পানি সমতল তথ্য।<br>(২) নির্দিষ্ট স্থানের ১০ দিনের আগাম সম্ভাব্য সর্বোচ্চ, সর্বনিম্ন এবং গড় পানি সমতল পূর্বাভাস ও ধারণা ভিত্তিক ১০ দিনের পূর্বাভাস।<br>(৩) সিলেট ও সুনামগঞ্জ জেলার কয়েকটি স্থানে পাইলট ভিত্তিতে সর্বোচ্চ ২ দিনের আকস্মিক বন্যার (Flash Flood) পূর্বাভাস।<br>(৪) বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের পানি বিজ্ঞান, ঢাকা এর আওতায় নির্দিষ্ট স্থানের পরিমাপকৃত বৃষ্টিপাত তথ্য।<br>(৫) IVR পদ্ধতি (যে কোন মোবাইল ফোন থেকে ১০৯৪১ নম্বর) ব্যবহার করে মোবাইল ফোনের মাধ্যমে বাংলায় ভয়েস মেসেজ দ্বারা বন্যা পূর্বাভাস প্রচার। | সেবার মনদন্ড (সময়) ঃ বর্ষা বা বন্যা মৌসুমে (মে থেকে অক্টোবর মাস পর্যন্ত) সাপ্তাহিক ও ছুটির দিনসহ প্রতিদিন।<br>প্রয়োজনীয় অর্থ ও ফরম ঃ প্রয়োজন নেই।<br>**সেবাসমূহ পাওয়া যাবে ঃ**<br>ওয়েবসাইটঃ www.ffwc.gov.bd<br>ই-মেইলঃ<br>ffwcbwdb@gmail.com, ffwc05@yahoo.com<br>IVRঃ যে কোন মোবাইল ফোন থেকে ১০৯৪১ নম্বর-এ কল করে বন্যা মৌসুমে (মে থেকে অক্টোবর পর্যন্ত) বন্যার হালনাগাদ বার্তা শোনা যাবে (চার্জ প্রযোজ্য)। | পানি ভবন (লেভেল-২),৭২ গ্রীন রোড, ঢাকা<br>ফোন ঃ ৯৫৫৩১১৮, ৯৫৫০৭৫৫<br>মোবাইল ফোনঃ ০১৭১৫-০৪০১৪৪<br>ফ্যাক্স : ৯৫৫৭৩৮৬<br>ই-মেইলঃ ffwcbwdb@gmail.com, ffwc05@yahoo.com<br>ওয়েব সাইট: www.ffwc.gov.bd<br>মোবাইল ফোন থেকে ১০৯৪১ নম্বর-এ ফোন করে বন্যা বিষয়ক তথ্য পাওয়া যাবে। বন্যা মৌসুমে মে থেকে অক্টোবর পর্যন্ত (চার্জ প্রযোজ্য)। |

## ১০। ডাটা আদান-প্রদান পদ্ধতি এবং ডাটার মূল্য পুনঃনির্ধারণঃ

১৯৯৩ সালে Ministry of Irrigation, Water Development & Flood Control কর্তৃক Flood Action Plan (FAP) Study এর আওতায় Chief Engineer, Flood Plan Coordination Organization (FPCO) কে Convener করে Planning Organization, BWDB, SWMC (Surface Water Modelling Center) এবং FPCO হতে চার সদস্য বিশিষ্ট Rate নির্ধারনী ও Data Transfer বিষয়ক নীতিমালা প্রণয়নের জন্য একটি কমিটি গঠন করা হয় । উক্ত কমিটি কর্তৃক Hydrological Data Exchange পদ্ধতি এবং Data এর মূল্য নির্ধারণ করা হয়। বর্তমান বিশ্ব Data নির্ভর এবং Data Derive করে সকল সিদ্ধান্ত গ্রহন করা হয়ে থাকে। তাই দীর্ঘ ২৭ (সাতাশ) বছর পর ২০২০ সালে সময়ের চাহিদা ও দাবী অনুযায়ী FAP Study প্রতিবেদনে উল্লিখিত Data Exchange পদ্ধতি ও Data এর মূল্য পুনঃনির্ধারন করা প্রয়োজন।

উল্লেখিত FAP Study কমিটি কর্তৃক দাখিলকৃত প্রতিবেদন অনুযায়ী প্রসেসিং এন্ড ফ্লাড ফোরকাস্টিং সার্কেল, বাপাউবো, ঢাকা অদ্যাবধি পানি বিজ্ঞান সম্পর্কিত তথ্য-উপাত্তসমূহ সংরক্ষণ, প্রক্রিয়াকরণ এবং সরবরাহ করে আস্ছে (প্রতিবেদন সংযুক্ত)। বর্তমানে তথ্য-উপাত্তের চাহিদা বৃদ্ধি পাওয়ায় বাপাউবোর রাজস্ব আয় বৃদ্ধির কথা বিবেচনা করে BMD (Bangladesh Meteorological Department), WARPO (Water Resources Planning Organization) সহ পানি বিজ্ঞান

সম্পর্কিত তথ্য-উপাত্ত সংরক্ষণ এবং সরবরাহকারী প্রতিষ্ঠানসমূহের Data Exchange পদ্ধতি ও Data এর মূল্য পর্যালোচনা করে Hydrology, BWDB এর জন্য Uniform Data Exchange পদ্ধতি ও Data এর মূল্য পুনঃনির্ধারণ করা যেতে পারে। উল্লেখ্য, বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর (BMD) কর্তৃক ২০১৬ খ্রিস্টাব্দে Data সংক্রান্ত মূল্য পুনঃনির্ধারণ করা হয়েছে।

## ১১। প্রতিবেদনের আলোচ্য বিষয়সমূহ সম্পর্কে মতামতঃ

Data Exchange পদ্ধতি ও Data এর মূল্য পুনঃনির্ধারণসহ পানি বিজ্ঞান সম্পর্কিত তথ্য-উপাত্ত এবং সংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদি সম্বন্ধে একটি সুস্পষ্ট প্রতিবেদন তৈরীর জন্য গঠিত কমিটির সদস্যগণ কর্তৃক পূর্ববর্তী রিপোর্টে বর্ণিত ডাটা আদান-প্রদান পদ্ধতি এবং ডাটা এর মূল্য বিশদভাবে বিশ্লেষণ করে BMD, WARPO সহ পানি বিজ্ঞান সম্পর্কিত তথ্য-উপাত্ত সংরক্ষণ এবং সরবরাহকারী প্রতিষ্ঠানসমূহের ডাটা আদান-প্রদান পদ্ধতি এবং ডাটা এর মূল্য পর্যালোচনা করা হয় এবং পানি বিজ্ঞানের আওতায় বিভিন্ন দপ্তরের কর্মকর্তাদের সাথে আলোচনা করে নিম্নোক্ত মতামতসমূহ প্রদান করা হয়।

মতামতসমূহঃ

### ১১.১ঃ Data Exchange পদ্ধতি এবং Data এর মূল্য পুনঃনির্ধারণঃ

ডাটা আদান-প্রদান পদ্ধতি ঃ

১১.১.১ঃ WARPO, BMD, BBS (Bangladesh Bureau of Statistics) ও অন্যান্য সরকারি অফিসের বাৎসরিক কোন রিপোর্ট/প্রকাশনার ক্ষেত্রে বাপাউবোর্ডের অনুমতি সাপেক্ষে বিনা মূল্যে তথ্য-উপাত্তসমূহ প্রদান করা যেতে পারে।

১১.১.২ঃ WARPO, BMD, BBS ও অন্যান্য সরকারি অফিসের বাৎসরিক কোন রিপোর্ট/প্রকাশনার ক্ষেত্র ছাড়া অন্য কোন কাজে বোর্ডের অনুমতি ব্যতীত সরবরাহকৃত তথ্য উপাত্ত কোন অবস্থাতেই বিক্রি করা যাবে না।

১১.১.৩ঃ উপাত্ত বিনিময় সহজতর করা, উপাত্তের দ্বৈততা রোধ, উপাত্ত আদান প্রদানে সময় ও অর্থের সাশ্রয়ের লক্ষ্যে বিভিন্ন সরকারী সংস্থার মধ্যে উপাত্ত বিনিময় সংক্রান্ত সমঝোতা স্মারক স্বাক্ষর করতে হবে।

**ডাটা এর মূল্য পুনঃনির্ধারণঃ** সংযুক্তি-২ দ্রষ্টব্য।

### ১১.২ঃ BWDB এর User দের জন্য Data প্রাপ্তির পদ্ধতি এবং মূল্য/বিনামূল্য/ডিসকাউন্ট নির্ধারণঃ

১১.২.১ঃ বাপাউবোর অভ্যন্তরীণ কাজের (পরিচালনা ও রক্ষণাবেক্ষণ) ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে বিনা মূল্যে তথ্য-উপাত্তসমূহ প্রদান করা যেতে পারে।

১১.২.২ঃ বাপাউবোর বৈদেশিক প্রকল্প (ADB, JICA, World Bank etc.) এর কাজে ডাটা প্রয়োজন হলে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং কমিটি কর্তৃক নির্ধারিত মূল্যে তথ্য-উপাত্ত প্রদান করা যেতে পারে।

১১.২.৩ঃ বাপাউবোর কর্মকর্তা/কর্মচারীর উচ্চতর ডিগ্রি (ডিপ্লোমা/স্নাতক/স্নাতকোত্তর/পিএইচডি) অর্জনের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং নির্ধারিত মূল্যের ৯০% হ্রাসকৃত মূল্যে তথ্য প্রদান করা যেতে পারে। উল্লেখ্য উচ্চতর গবেষণা /ডিগ্রির বিষয়টি বাপাউবো/পানি সম্পদ মন্ত্রনালয়ের কর্মকান্ডের জন্য সহায়ক হতে হবে।

১১.২.৪ঃ তবে উচ্চতর ডিগ্রির বিষয়টি বর্তমানে পানি সম্পদ মন্ত্রনালয়ের কর্মকান্ডের জন্য এবং আবহাওয়া অধিদপ্তর এর গবেষনা কাজের সহায়ক হলে এবং উপাত্ত ক্রয়ের জন্য কোন অর্থ বরাদ্দ না থাকলে পানি সম্পদ মন্ত্রনালয়/বাপাউবোর অনুমোদনক্রমে যৌক্তিকভাবে প্রয়োজনীয় তথ্য-উপাত্ত প্রদান করা যেতে পারে।

### ১১.৩ঃ Government Agency user দের জন্য Data প্রাপ্তির পদ্ধতি এবং মূল্য/বিনামূল্য/ডিসকাউন্ট নির্ধারণঃ

সরকারি, আধাসরকারি, স্বায়ত্তশাসিত সংস্থার ব্যবহারকারীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং সংশ্লিষ্ট সংস্থার অনুকূলে অর্থ বরাদ্দ থাকলে নির্ধারিত মূল্যে এবং বরাদ্দ না থাকলে ৮০% হ্রাসকৃত মূল্যে তথ্য প্রদান করা যেতে পারে।

**১১.৪ঃ Government Project এর জন্য Data প্রাপ্তির পদ্ধতি এবং মূল্য/বিনামূল্য/ডিসকাউন্ট নির্ধারণঃ**

১১.৪.১ঃ সরকারি Project (সরকারি অর্থায়ন) এর ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং নির্ধারিত মূল্যে তথ্য প্রদান করা যেতে পারে।

১১.৪.২ঃ সরকারি Project (বৈদেশিক অর্থায়ন) এর ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং নির্ধারিত মূল্যে তথ্য প্রদান করা যেতে পারে।

**১১.৫ঃ Non-government user দের জন্য Data প্রাপ্তির পদ্ধতি এবং মূল্য/বিনামূল্য/ডিসকাউন্ট নির্ধারণঃ**

বেসরকারি সংস্থার ব্যবহারকারীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং নির্ধারিত মূল্যে তথ্য প্রদান করা যেতে পারে।

**১১.৬ঃ Study/Research (অভ্যন্তরীন বাংলাদেশ) User দের জন্য Data প্রাপ্তির পদ্ধতি এবং মূল্য/বিনামূল্য/ডিসকাউন্ট নির্ধারণঃ**

১১.৬.১ঃ Study/Research (অভ্যন্তরীণ বাংলাদেশ) এর উদ্দেশ্যে ব্যবহারকারীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং নির্ধারিত মূল্যে তথ্য প্রদান করা যেতে পারে।

১১.৬.২ঃ ছাত্র/ছাত্রী (ডিপ্লোমা/স্নাতক/স্নাতকোত্তর/পিএইচডি)(অভ্যন্তরীণ বাংলাদেশ) ব্যবহারকারী যাদের কোন থিসিস/পিএইচডি ফান্ড নেই সেই সব ব্যবহারকারীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং নির্ধারিত মূল্যের ৯৫% হ্রাসকৃত মূল্যে প্রয়োজনীয় তথ্য-উপাত্ত প্রদান করা যেতে পারে।

**১১.৭ঃ Study/Research (বহিঃ বাংলাদেশ) User দের জন্য Data প্রাপ্তির পদ্ধতি এবং মূল্য/বিনামূল্য/ডিসকাউন্ট নির্ধারণঃ**

১১.৭.১ঃ Study/Research (বহিঃ বাংলাদেশ) এর উদ্দেশ্যে ব্যবহারকারীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং নির্ধারিত মূল্যে তথ্য প্রদান করা যেতে পারে।

১১.৭.২ঃ ছাত্র/ছাত্রী (ডিপ্লোমা/স্নাতক/স্নাতকোত্তর/পিএইচডি) (বহিঃবাংলাদেশ) ব্যবহারকারী (বাংলাদেশের নাগরিক হওয়া সাপেক্ষে) যাদের কোন থিসিস/পিএইচডি ফান্ড নেই সেই সে সব ব্যবহারকারীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং নির্ধারিত মূল্যের ৯০% হ্রাসকৃত মূল্যে তথ্য প্রদান করা যেতে পারে। তবে উন্নত বিশ্বের নাগরিকদের নির্ধারিত মূল্যে ডাটা সরবরাহ করা যেতে পারে।

১১.৭.৩ঃ বাংলাদেশের ছাত্র/ছাত্রীদের যারা উচ্চতর পড়াশোনা/গবেষনার জন্য বিদেশে অবস্থান করছেন তাদের গবেষণা কার্যক্রম পরিচালনা করা এবং পাশাপাশি অন্য দেশের সাথে দ্বি-পক্ষীয় গবেষনা কাজের স্বার্থে ও গবেষণার ফলাফলসহ প্রতিবেদন দাখিল করার শর্ত পালন সাপেক্ষে ডাটা সরবরাহ করা যেতে পারে।

**১১.৮ঃ দেশী প্রকল্পে বিদেশী ব্যবহারকারীদের জন্য Data প্রাপ্তির পদ্ধতি এবং মূল্য/বিনামূল্য/ডিসকাউন্ট নির্ধারণঃ**

দেশীয় প্রকল্পে কর্মরত বিদেশী ব্যবহারকারীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং নির্ধারিত মূল্যের ২০% অতিরিক্ত মূল্যে তথ্য প্রদান করা যেতে পারে।

**১১.৯ঃ বিদেশী প্রকল্পে বিদেশী ব্যবহারকারীদের জন্য Data প্রাপ্তির পদ্ধতি এবং মূল্য/বিনামূল্য/ডিসকাউন্ট নির্ধারণঃ**

বিদেশী প্রকল্পে (বহিঃবাংলাদেশ) কর্মরত বিদেশী ব্যবহারকারীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং নির্ধারিত মূল্যের ৫০% অতিরিক্ত মূল্যে তথ্য প্রদান করা যেতে পারে।

## ১২ঃ ডাটা প্রদান পদ্ধতি এবং মূল্য পুনঃনির্ধারণসহ সংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদি সম্পর্কে বিস্তারিত আলোকপাতঃ

**১২.১ঃ ডাটা প্রদানের পদ্ধতিঃ**

ডাটা নিম্নোক্ত দুই পদ্ধতিতে প্রদান করা যেতে পারেঃ

- ম্যানুয়াল পদ্ধতি।
- অটোমেশন পদ্ধতি (প্রস্তাবিত)।

## ১২.২ঃ ম্যানুয়াল ডাটা সংগ্রহ পদ্ধতি ঃ

